কানাইঘাটে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উদযাপন

কানাইঘাট প্রতিনিধিঃ ‘উন্নয়ন, শান্তি ও নিরাপত্তার লক্ষ্যে দুর্নীতির বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধ’ প্রতিপাদ্যকে সামনে রেখে সারাদেশের ন্যায় কানাইঘাটে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস-২০২৩ উদযাপন করা হয়েছে।
এ উপলক্ষে আজ শনিবার সকাল সাড়ে ১০টায় উপজেলা প্রশাসন এবং উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির যৌথ উদ্যোগে নির্বাহী কর্মকর্তা ফারজানা নাসরীন, সহকারি কমিশনার (ভূমি) ফয়সাল আহমদের নেতৃত্বে পৌর শহরে দুর্নীতি বিরোধী মানববন্ধন অনুষ্ঠিত হয়।
মানববন্ধনে উপজেলা প্রশাসনের বিভিন্ন দফতরের কর্মকর্তা, দুর্নীতি প্রতিরোধ কমিটির নেতৃবৃন্দ, গণমাধ্যমকর্মী, সূধীজন, শিক্ষক-শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। এরপর সকাল ১১টায় উপজেলা সভাকক্ষে আর্ন্তজাতিক দুর্নীতিবিরোধী দিবস উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।
উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি মাস্টার মহি উদ্দিনের সভাপতিত্বে ও দুর্নীতি কমিটির সদস্য কানাইঘাট প্রেসক্লাবের সভাপতি নিজাম উদ্দিনের সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা ফারজানা নাসরীন। বক্তব্য রাখেন, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ এমদাদুল হক, কানাইঘাট থানার ওসি (তদন্ত) উজায়ের আল-মাহমুদ আদনান, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নুর মোহাম্মদ, আনসার ভিডিপি কর্মকর্তা মোস্তাফিদুল হক, বীরদল এন.এম একাডেমীর প্রধান শিক্ষক মাহবুবুল হক, মানবাধিকার কর্মী মুহিবুর রহমান। সভার শুরুতে কোরআন তেলাওয়াত করেন মাও. আকরাম হোসাইন।
দুর্নীতি বিরোধী দিবসের আলোচনা সভায় বক্তারা বলেন, মানুষের মধ্যে নৈতিকতার অধঃপতন এবং ধর্মীয় মূল্যবোধের চর্চার অভাব এবং চাওয়া-পাওয়ার বিষয়টি বেড়ে যাওয়ায় পরিবার থেকে সমাজ ও রাষ্ট্র পর্যন্ত দুর্নীতি কমিয়ে আনা সম্ভব হচ্ছে না। তারপরও সরকার এবং দুর্নীতি দমন কমিশন দুদক দুর্নীতির বিরুদ্ধে নানা ধরনের পদক্ষেপ গ্রহণ করায় বড় বড় দুর্নীতিবাজদের আইনের আওতায় নিয়ে আসা হচ্ছে। বাংলাদেশকে একটি সমৃদ্ধশালী রাষ্ট্রে পরিনত করতে হলে সবাইকে দুর্নীতির বিরুদ্ধে জনসচেতনতা গড়ে তুলতে হবে বলে সভায় অভিমত

ব্যক্ত করা হয়।